

ডিন

সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৬৬১৯০০/৪৩৫২, ৮৬১৩৭৩৮

ফ্যাক্স : ৮৮০-২- ৯৬৬৭২২২



Dean

Faculty of Social Sciences

University of Dhaka

Dhaka-1000, Bangladesh

Phone : 9661900/4352. 8613738

Fax : 880-2- 9667222

E-mail : dean.fss.du@gmail.com

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০১৮

বিজ্ঞপ্তি

‘ঘ’ ইউনিট: ২০১৮-২০১৯

বিভাগ মনোনয়ন ও ভর্তির সাক্ষাৎকার

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ‘ঘ’-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের Subject Choice Form-এ লিপিবদ্ধ পছন্দের ক্রমানুসারে নির্ধারিত আসনে ভর্তির জন্য অনলাইনে বিভাগ মনোনয়ন দেয়া হলো। শিক্ষার্থীগণ [http://admission.eis.du.ac.bd] অনলাইনে লগইন করে শুধুমাত্র নিজের প্রাপ্ত বিভাগ দেখতে পারবে। অনলাইনে প্রকাশিত মনোনীত বিভাগে যে সকল ছাত্র-ছাত্রী ভর্তি হতে ইচ্ছুক, তাদেরকে নিম্নে উল্লেখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে ডিন অফিসে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।

সাক্ষাৎকারের তারিখ ও সময়

তারিখ	গ্রুপ	মেধাক্রম	সময়	
			সকাল	বিকাল
০৯/১২/২০১৮ (রবিবার)	বিজ্ঞান	০০১ - ২০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	৯:৩০ টায়	×
		২০১ - ৪০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১১:০০ টায়	×
		৪০১ - ৫০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১২:০০ টায়	×
		৫০১ - ৭০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	×	২:৩০ টায়
১০/১২/২০১৮ (সোমবার)	বিজ্ঞান	৭০১ - ৯০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	৯:৩০ টায়	×
		৯০১ - (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১১:০০ টায়	×
	ব্যবসায় শিক্ষা	০০১ - ২০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১২:০০ টায়	×
		২০১ - (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	×	২:৩০ টায়
	মানবিক	০০১ - (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	×	৩:৩০ টায়

বি: দ্র:- থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ (নাট্যকলা) বিভাগে (১০টি আসন), সংগীত বিভাগে (৩০টি আসন) ও নৃত্যকলা বিভাগে (২০টি আসন) মোট ৬০টি আসনে কাউকে মনোনয়ন দেয়া হয়নি। পরবর্তী সময়ে সাক্ষাৎকারের মাধ্যমে এই ৩টি বিভাগে প্রার্থী মনোনয়ন করা হবে। এই তিনটি বিভাগে সাক্ষাৎকারের জন্য বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার উত্তীর্ণ সকল প্রার্থীকে ডাকা হবে। তবে যারা অভিনয়ে/সংগীতে/নৃত্যে অভিজ্ঞ তাদেরকে মনোনয়ন দেয়া হবে। সাক্ষাৎকারের সময়সূচী অনলাইনে নোটিশের মাধ্যমে পরে জানানো হবে।

সাক্ষাৎকারের সময়ে যা আনতে হবে

- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র;
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল গ্রেডশিট;
- ইন্টারনেটের মাধ্যমে ডাউনলোডকৃত Subject Choice Form-এর উভয় পৃষ্ঠা এক কপি;
- ইন্টারনেট থেকে প্রাপ্ত বিভাগ মনোনয়নের ১টি প্রিন্ট কপি।

কোন প্রার্থী যদি ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল গ্রেডশিট প্রদর্শনে ব্যর্থ হয় তাহলে পাঁচশত টাকা জরিমানা দিয়ে সাক্ষাৎকার দিতে পারবে। এ ক্ষেত্রে এক সপ্তাহের মধ্যে মূল গ্রেডশিট ডিন অফিসে দেখাতে হবে। অন্যথায় বিভাগে ভর্তির তালিকা প্রেরণ করা হবে না।

অপর পৃষ্ঠায় প্রয়োজনীয় তথ্যাবলী দ্রষ্টব্য

প্রয়োজনীয় তথ্যাবলী

- ১। প্রকাশিত তালিকায় যারা বিভাগ পেয়েও সাক্ষাৎকারে অনুপস্থিত থাকবে, তাদের আসনটি খালি বলে গণ্য করা হবে এবং পরবর্তী সময়ে তাদের ভর্তির আর কোন সুযোগ থাকবে না।
- ২। যে সকল প্রার্থী বিভাগ মনোনয়ন পায়নি, তাদের ক্ষেত্রে No Department/NOD লেখা আছে। এ সকল প্রার্থীকে পরবর্তী তালিকার জন্যে অপেক্ষা করতে হবে।
- ৩। সাক্ষাৎকার শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে পরবর্তী তালিকা প্রকাশ করা হবে। পরবর্তী তালিকাই ভর্তির চূড়ান্ত তালিকা হিসেবে গণ্য হবে। চূড়ান্ত তালিকা অনুযায়ী বিভাগে ভর্তির তারিখ ঐদিন ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- ৪। প্রকাশিত বর্তমান তালিকায় যারা নির্ধারিত বিভাগ পেয়েছে, পছন্দক্রম অনুযায়ী পরবর্তী তালিকায় তাদেরও বিভাগ পরিবর্তন হতে পারে।
- ৫। বিভিন্ন কোটায় ভর্তির জন্য যারা আবেদন করেছে তাদের ভর্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। পরবর্তী সময়ে অনলাইনে নোটিশের মাধ্যমে জানানো হবে।
- ৬। ভর্তিচ্ছু কোন শিক্ষার্থীর ভাই/বোন যে হলে থাকে সে হলে সংযুক্ত চাইলে তথ্য প্রমানসহ আগামী ১০/১২/২০১৮ তারিখের মধ্যে ডিন বরাবর লিখিত আবেদন করতে হবে। পরবর্তীতে হল পরিবর্তনের কোন সুযোগ নাই।
- ৭। প্রকাশিত তালিকায় সর্বশেষ বিভাগ পেয়েছে যথাক্রমে-

বিজ্ঞান-১১৩১, ব্যবসায় শিক্ষা-৩৯৬, মানবিক-৫৯ মেধাক্রম পর্যন্ত।

ভর্তি সংক্রান্ত বিষয়াদি পরবর্তীতে যথাসময়ে সামাজিক বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটের 'ঘ' ইউনিটের নোটিশ সেকশনে জানানো হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদির জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নিজ দায়িত্বে ওয়েবসাইট/ ডিন অফিসের নোটিশ বোর্ড দেখার জন্য পরামর্শ দেয়া হচ্ছে।

সাদেকা হালিম

অধ্যাপক ড. সাদেকা হালিম
ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ

ও

সমন্বয়কারী 'ঘ' ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়